

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
সমন্বয়-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.৬৫

তারিখ: ২৫ মাঘ ১৪২৯

০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS)  
জানুয়ারি/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ডিসেম্বর/২০২২ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

৮-২-২০২৩

মো: আলী হায়দার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১০৮৩

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪৪০৮

ইমেইল: [csmoys66@gmail.com](mailto:csmoys66@gmail.com)

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.৬৫/১(৩)

তারিখ: ২৫ মাঘ ১৪২৯

০৮ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, সমন্বয় ও আইন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ২) উপসচিব, সমন্বয় ও আইন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৮-২-২০২৩

মো: আলী হায়দার

সিনিয়র সহকারী সচিব

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন

মাসের নাম: জানুয়ারি/২০২৩

মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
১	২	৩	৪	৫	৬	৭	৮
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	-	-	-	-	-	-	-
যুব উন্নয়ন অধিদপ্তর	-	০৩	০৩	০৩	<p>০১। অভিযোগকারী জনাব পলাশ নন্দী, (মোবাইল নং ০১৭১৪৭১৪০৪১) লোন সেবা না পাওয়ার অভিযোগ করেছেন। (যুব ঋণ সংক্রান্ত)</p> <p>অভিযোগকারী পলাশ নন্দীর ঋণ সংক্রান্ত অভিযোগের বিষয়ে পটিয়া, চট্টগ্রাম কার্যালয়ে যোগাযোগ করা হলে উক্ত কার্যালয় হতে লিখিত ভাবে জানানো হয় যে, জনাব পলাশ নন্দীকে কোন প্রকার আর্থিক/যুব ঋণ প্রদানে বিরত থাকার জন্য তার মাতা একাধিকবার অনুরোধ জ্ঞাপন করেছেন। প্রতিবেশীরাও জানিয়েছেন যে, নানা ছলচাতুরীর আশ্রয় নিয়ে তিনি ধারকর্জ ও ঋণ নিয়ে থাকেন। অতঃপর গা ঢাকা দেন। অধিকন্তু, যুব কার্যক্রমের সাথে তার সম্পৃক্ততা নেই মর্মে স্থানীয় কর্মকর্তা জানিয়েছেন। যেনতেন ভাবে যুব ঋণ গ্রহণই তার উদ্দেশ্য। কাজেই যুব ঋণ প্রদানের নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট অভিযোগকারীকে ঋণ প্রদান করা বাঞ্ছনীয় হবে না। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।</p> <p>০২। অভিযোগকারী জনাব মোঃ আলাউদ্দিন (মোবাইল নং ০১৯২২৭২৭৮৭৭) বেকারত্ব ঘুচানোর জন্য সরকারি ফ্রি ড্রাইভিং কোর্স-এ সুযোগ না পাওয়ার অভিযোগ করেন। (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত)</p> <p>সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে জনাব মোঃ আলাউদ্দিন এর সাথে টেলিফোনযোগে কথা হয়। তিনি যে ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক তা যুব উন্নয়ন অধিদপ্তরাধীন যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্স। উক্ত কোর্সে ভর্তি হওয়ার অন্যতম শর্ত বয়সসীমা, যা ২১-৩৫ বছর। জনাব মোঃ আলাউদ্দিন এর আবেদনকালীন বয়স ২০ বছর ছিল বিধায় তাঁর আবেদন বিবেচনা করার সুযোগ ছিল না। বিষয়টি তাঁকে জানানো হয়। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য।</p>	-	-

০৩। অভিযোগকারী জনাব মোঃ আল-আমিন (মোবাইল নং ০১৭৬৭৫৭৬৩১৫) মডার্ন অফিস ম্যানেজমেন্ট ও কম্পিউটার এপ্লিকেশন কোর্সে ভর্তির সুযোগ না পাওয়ার অভিযোগ করেন। (যুব প্রশিক্ষণ সংক্রান্ত)

সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ আল আমিন এর দাখিলকৃত অভিযোগের বিষয়টি নিয়ে উপপরিচালক, খুলনার সাথে টেলিফোনযোগে কথা হয়। তিনি জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের মাধ্যমে প্রাতিষ্ঠানিক ট্রেডসমূহে ভর্তির ক্ষেত্রে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে মৌখিক/লিখিত পরীক্ষা/লটারির মাধ্যমে সীমিত সংখ্যক নির্ধারিত আসনে প্রার্থী নির্বাচন করা হয়ে থাকে। সেই প্রক্রিয়ায় আবেদনকারী অদ্যাবধি তাঁর কাঙ্ক্ষিত ট্রেডে ভর্তি হতে পারেন নি। তবে যেহেতু, আবেদনকারীর আগ্রহ রয়েছে এবং তাঁর বেকারত্ব মোচনে “মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন কোর্স” টি তাঁর জন্য সহায়ক হবে, সেটি বিবেচনায় নিয়ে আগামী মেয়াদে সংশ্লিষ্ট প্রার্থীকে ভর্তির সুযোগ করে দেওয়া যাবে বলে উপপরিচালক, খুলনা মতামত ব্যক্ত করেন। জনাব মোঃ আল আমিন এর মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান যে, লটারির সময় তিনি খুলনাতে অবস্থান করেননি বিধায় ভর্তি হতে বঞ্চিত হয়েছেন মর্মে জানতে পারেন। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।

ক্রমিক ও দপ্তর/সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্প ত্তিকৃত অভিযো গের	মন্তব্য
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
১	২	৩	৪	৫	৬	৭	৮
জাতীয় ক্রীড়া পরিষদ	-	-	-	-		-	-
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান	-	-	-	-		-	-
ক্রীড়া পরিদপ্তর	-	-	-	-		-	-
বঙ্গবন্ধু ক্রীড়া সেবা কল্যাণ ফাউন্ডেশন	-	-	-	-		-	-
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট	-	-	-	-		-	-